

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৭৮

২৩. কুরআনের ফ্যীলত অধ্যায় (کتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ২৫. মু'আওয়িযাতাইন (সুরা ফালারু ও নাস) এর ফ্যীলত

باب فِي فَضْلِ الْمُعَوِّذَتَيْنِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ يَزِيدَ حَدَّثَنَا حَيْوَةُ وَابْنُ لَهِيعَةَ قَالَا سَمِعْنَا يَزِيدَ بْنَ أَبِي حَبِيبٍ يَقُولُ حَدَّثَنِي أَبُو عِمْرَانَ أَنَّهُ سَمِعَ عُقْبَةَ بْنَ عَامِرٍ يَقُولُ تَعَلَّقْتُ بِقَدَمِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ أَقْرِبُنِي سُورَةَ هُودٍ وَسُورَةَ يُوسُفَ فَقَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى وَسَلَّمَ فَقُلْتُ يَا رَسُولُ اللَّهِ أَقْرِبُنِي سُورَةَ هُودٍ وَسُورَةَ يُوسُفَ فَقَالَ لِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلْدَهُ مِنْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَا عُقْبَةُ إِنَّكَ لَنْ تَقْرَأً مِنْ الْقُرْآنِ سُورَةً أَحَبَّ إِلَى اللَّهِ وَلَا أَبْلَغَ عِنْدَهُ مِنْ الْقُرْآنِ سُورَةً أَحَبَّ إِلَى اللَّهِ وَلَا أَبْلَغَ عِنْدَهُ مِنْ قُلْ أَعُوذُ بِرَبِّ الْفَلَقِ قَالَ يَزِيدُ فَلَمْ يَكُنْ أَبُو عِمْرَانَ يَدَعُهَا كَانَ لَا يَزَالُ يَقْرَؤُهَا فِي صَلَاةِ الْمَغْرِبِ

বাংলা

৩৪৭৮. উক্ববাহ ইবনু আমির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু অালাইহি ওয়াসাল্লাম এর কদমে (তাঁর খিদমাতে) লেগে থাকতাম। এমতাবস্থায় আমি তাঁকে বললাম, ইয়া রাসূলাল্লাহ! আপনি আমাকে সূরাহ হুদ ও সুরাহ ইউসূফ শিক্ষা দিন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন: "হে উক্ববাহ! কুরআনের "কুল আউযু বিরব্বিল ফালাক্ক" (সূরাহ ফালাক্ক: ১) এর চেয়ে আল্লাহর নিকট অধিক প্রিয় ও তার নিকট সর্বাধিক গুরুত্বপূর্ণ কোনো সূরাহ তুমি কখনো পাঠ করবে না।" বর্ণনাকারী ইয়াযীদ বলেন, (উর্ধ্বতন বর্ণনাকারী) আবূ ইমরান মাগরিবের সালাতে তা পাঠ করা ছাড়তেন না।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আহমাদ ৪/১৫৯, ৫/১৫৫; তাবারাণী, কাবীর ১৭/৩১২ নং ৮৬০, ৮৬২; ইবনু যরীস, ফাযাইলুল কুরআন নং ২৪২; বাগাবী, শারহুস সুন্নাহ নং ১২১৩; মুসলিম, সালাতুল মুসাফিরীন ৮১৪।



আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ১৭৩৪, ১৭৩৫, ১৭৩৬; সহীহ ইবনু হিব্বান নং ৭৯৫, ১৮১৮, ১৮৪২; মুসনাদুল হুমাইদী নং ৮৭৪ তে। এর বর্ণনাগুলি বিভিন্ন রকমের।

এছাড়াও, ইবনু যরীস, ফাযাইলুল কুরআন নং ২৮২-২৮৯; আবী উবাইদ, ফাযাইলুল কুরআন পৃ. ২৭১; ইবনুস সুন্নী, আমলুল ইয়াওমী ওয়াল লাইলাহ নং ৬৯৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন